



# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্মবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং - ৪৭/২০২৪

তারিখ : ২৭/০৮/২০২৪ খ্রি:

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

## বন্যার্তদের সহায়তায় মানবিক আহ্বান

স্মরণকালের ভয়াবহ বন্যায় কবলিত হয়েছে চট্টগ্রাম বিভাগের ফেনী, নোয়াখালী, কুমিল্লা, খাগড়াছড়ি, ফটিকছড়ি, হাটহাজারী, রাউজান সহ বেশ কয়েকটি জেলা ও উপজেলা। আকস্মিক বন্যায় পানিবন্দী অবস্থায় দুর্বিষহ দিনাতিপাত করছেন দুর্গত এলাকার মানুষ, অনেকে যেতে পারেননি নিরাপদ আশ্রয়ে। প্রচন্ড পানির তোড়ে তলিয়ে গেছে ঘর-বাড়ি, দোকানপাট। ক্ষতিগ্রস্থ হয়েছে বাড়ি-ঘর, ফসলী জমি, গবাদি পশু, পুকুরের মাছ সহ মানুষের বেঁচে থাকার সংস্থান। বিশুদ্ধ পানি ও খাবারের অভাবে মানবের জীবন যাপন করছেন বন্যা কবলিত এলাকার মানুষ। বানভাসী মানুষের এ দুর্দিনে তাদের দিকে সহায়তার হাত বাড়িয়ে দেওয়া আমাদের নৈতিক ও মানবিক দায়িত্ব, যা আমাদের ঐতিহ্যবাহী সংগঠন প্রতিটি দুঃসময়ে পালন করে এসেছে। তাই এ দুঃসময়ে বন্যার্ত মানুষের প্রতি সহমর্মিতার হাত প্রসারিত করার লক্ষ্যে এসোসিয়েশন কর্তৃক তহবিল সংগ্রহ করে বন্যার্তদের মানবিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

সম্মানিত সদস্যদেরকে যে যাঁর অবস্থান থেকে সামর্থ্য অনুযায়ী এসোসিয়েশন তহবিলে দ্রুত আর্থিক অনুদান/সহায়তা প্রদান করে বন্যা কবলিত মানুষের কল্যাণে মানবিক সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার জন্য কার্যনির্বাহী পরিষদের পক্ষ থেকে উদাত্ত আহ্বান জানাচ্ছি। আগামী ২৯.০৮.২০২৪ খ্রি. বৃহস্পতিবার এর মধ্যে সংগৃহীত অর্থ দ্বারা প্রথম দফায় মানবিক সাহায্য প্রেরণ করা হবে। পরবর্তীতে সংগৃহীত অর্থ দ্বারা দফায় দফায় কর্মসূচী গ্রহণ করা হবে।

**:: যেভাবে আর্থিক অনুদান/সহায়তা প্রদান করবেন ::**

◆ ব্যাংক হিসাবের নাম: **Chattogram Customs Agents Association (Relief Fund)**

ব্যাংক হিসাব নং: **2007094470001, Brac Bank Ltd., Agrabad Branch**

◆ চেক বা নগদ টাকা গ্রহণ: ▶ এসোসিয়েশন কার্যালয়, সিএন্ডএফ টাওয়ার (১৪ তলা),

১৭১২, শেখ মুজিব রোড, আত্মবাদ, চট্টগ্রাম।

(প্রতিদিন বেলা ১২টা থেকে ৩টা পর্যন্ত এসোসিয়েশন নেতৃবৃন্দ অনুদানের

চেক বা নগদ টাকা গ্রহণ করবেন।)

▶ মেম্বারস হল, কাস্টম হাউস, চট্টগ্রাম।

**বি. দ্র.:** ব্যাংক এর মাধ্যমে অনুদান/সহায়তা প্রদানের পর ব্যাংক জমা স্লিপ, অনুদানদাতার নাম, প্রতিষ্ঠানের নাম 01730787311 নম্বরে WhatsApp করার জন্য অনুরোধ করা হল।

কাজী মাহমুদ ইমাম (বিলু)

সাধারণ সম্পাদক